**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd


---

স্মারক নং ঃ বিএসএমআরএমইউ/রেজি-৩০৭/২১/১৬৮৬ তারিখ: ০৬ জুন ২০২১

## অফিস আদেশ নং ৯২/২০২১

**বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে লকডাউন/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ প্রসংগে**

সূত্রঃ

ক। স্মারক নং ঃ বিএসএমআরএমইউ/রেজি-৩০৭/২১/১০১১ তারিখ: ১৩ এপ্রিল ২০২১।

খ। মন্ত্রিপরিষদ বিভাগ পত্র নম্বরঃ ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৬১ তারিখ: ০৬ জুন ২০২১।

১। সূত্র খ এর নির্দেশনা মোতাবেক করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় লকডাউন/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা ০৬ জুন ২০২১ মধ্যরাত হতে আগামী ১৬ জুন ২০২১ মধ্যরাত পর্যন্ত বর্ধিত করা হলো।

২। **সূত্র ক এর নির্দেশনাসমূহ পূর্বের ন্যায় অব্যাহত থাকবে।**

৩। পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

মুহাম্মদ নুরুল আমিন
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
পক্ষে রেজিস্ট্রার

বিতরণ:
কার্য:

সকল বিভাগ/দপ্তর/শাখা/ইন্সটিটিউশন্স

অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ভাইস-চ্যান্সেলর মহোদয় - সদয় অবগতির জন্য ।
ট্রেজারার।
সকল ডিন।
পরিচালক, আইসিটি - প্রযুক্তির মাধ্যমে সকলকে অবহিতকরণের অনুরোধ সহ।
অফিস কপি।

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd


স্মারক নং ঃ বিএসএমআরএমইউ/রেজি-৩০৭/২১/৬০৬৬ তারিখ: ১৩ এপ্রিল ২০২১

## অফিস আদেশ নং ৭৭ /২০২১

বিষয়ঃ **করোনাভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে লকডাউন/চলাচলে বিধি-নিষেধ আরোপ প্রসংগে**

সূত্রঃ

ক। মন্ত্রিপরিষদ বিভাগ পত্র নম্বরঃ ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ তারিখ: ১২ এপ্রিল ২০২১।

১। সূত্র পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস (Covid-19) পরিস্থিতির অবনতির কারণে আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ০৬০০ ঘটিকা হতে ২১ এপ্রিল ২০২১ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত নিম্নলিখিত আদেশ জারী করা হলোঃ

ক। উক্ত সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বন্ধ থাকবে।

খ। বর্ণিত সময়ে সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ কর্মস্থল অর্থাৎ ঢাকা এলাকায় অবস্থান করবেন।

গ। অতি জরুরী প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনভাবেই বাড়ীর বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে।

ঘ। অনলাইন ক্লাস/মিটিং ও অন্যান্য অনলাইন কার্যক্রম অব্যাহত থাকবে।

২। পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

আনিছুর রহমান মোল্লা
কমডোর বিএন
রেজিস্ট্রার

বিতরণ:
কার্য:

সকল বিভাগ/দপ্তর/শাখা/ইন্সটিটিউশন্স

অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ভাইস-চ্যান্সেলর মহোদয় - সদয় অবগতির জন্য ।
ট্রেজারার।
সকল ডিন।
পরিচালক, আইসিটি - প্রযুক্তির মাধ্যমে সকলকে অবহিত করণের অনুরোধ করা হলো।
অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৬১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৬ জুন ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র:
(১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, তারিখ: ১২.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪, তারিখ: ১৩.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬, তারিখ: ২০.০৪.২০২১
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৪, তারিখ: ২৮.০৪.২০২১
(৫) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১, তারিখ: ০৫.০৫.২০২১
(৬) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১, তারিখ: ১৬.০৫.২০২১
(৭) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৪, তারিখ: ২৩.০৫.২০২১
(৮) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৭, তারিখ: ৩০.০৫.২০২১

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে এ বিধি-নিষেধ আরোপের সময়সীমা **০৬ জুন ২০২১ তারিখ মধ্যরাত হতে ১৬ জুন ২০২১ তারিখ মধ্যরাত** পর্যন্ত বর্ধিত করা হলো-

(ক) সকল পর্যটনস্থল, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

(খ) জনসমাবেশ হয় এ ধরণের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার অনুষ্ঠান বন্ধ রাখতে হবে;

(গ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁসমূহ সকাল ০৬-০০ ঘটিকা হতে রাত ১০-০০ ঘটিকা পর্যন্ত খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করতে পারবে এবং আসন সংখ্যার অর্ধেক সেবাগ্রহীতাকে সেবা প্রদান করতে পারবে;

(ঘ) কোভিড-১৯ এর উচ্চঝুঁকি সম্পন্ন জেলাসমূহের জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট কারিগরি কমিটির সঙ্গে আলোচনা করে স্ব-স্ব এলাকার সংক্রমণ প্রতিরোধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন; এবং

(ঙ) আন্তঃজেলাসহ সব ধরণের গণপরিবহন আসন সংখ্যার অর্ধেক যাত্রী নিয়ে চলাচল করতে পারবে। তবে, অবশ্যই যাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মানতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬.০৬.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:**
১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।